

### গুরুত্বপূর্ণ বিষয়

৪.৮ মিলিয়ন কানাডীয় বর্তমানে দারিদ্রতায় বাস করা সত্ত্বেও জাতীয় কোন কৌশল ছাড়াই কানাডা G৪-এর একমাত্র দেশ দারিদ্র হ্রাস করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

### পটভূমিকা

মাথাপিছু জিডিপি-এর উপর ভিত্তি করে কানাডা পৃথিবীর ১৫তম সবচেয়ে সমৃদ্ধশালী দেশ হওয়া সত্ত্বেও ৭ জন এর মধ্যে ১ জন কানাডীয় বেঁচে থাকার জন্য তাদের মৌলিক চাহিদা পূরণ করতে পারে না। পর্যাপ্ত পরিমাণ নিরাপদ কর্মসংস্থানের অভাবের কারণে ৪.৮ মিলিয়ন কানাডীয় যথোচিত বাসস্থান, স্বাস্থ্যসেবা, শিশু যত্ন ও পুষ্টিকর খাদ্য পেতে সক্ষম নয়।

দারিদ্রতা পর্যাপ্ত আয়ের অভাবের থেকেও বেশি; এটা একটা ব্যাপক অভিজ্ঞতা যা একজন ব্যক্তিকে কানাডীয় সমাজে সম্পূর্ণরূপে অংশগ্রহণ করতে বাধা দেয়। দারিদ্রতায় বসবাসকারী ব্যক্তির নিম্নমানের বাসস্থান, ক্ষুধা ও অপরিষ্কার পুষ্টি, প্রতিরোধযোগ্য অসুখ ও রোগ, নিরাপত্তাহীন কর্মসংস্থান, বর্ধিত মানসিক চাপ ও সামাজিক বিচ্ছিন্নতা, অপ্রতুলতার অনুভূতি, উন্নতিসাধন ও শিক্ষার সঙ্কুচিত সুযোগ, বৈষম্য এবং সমালোচনার অভিজ্ঞতা লাভ করে (ডিগনিটি ফর অল: আ ন্যাশনাল অ্যান্টি-প্রোভার্টি প্ল্যান ফর কানাডা)।

কানাডা বাস করার জন্য কম সাশ্রয়ী স্থান হয়ে যাচ্ছে। বাসস্থান, খাদ্য, পরিবহন, শিশু যত্ন এবং স্বাস্থ্যসেবার ব্যয় অপ্রতিরোধ্যভাবে বেড়ে যাওয়া সত্ত্বেও মূদ্রাস্ফীতির নিয়ন্ত্রণ করা হয় যা ১৯৭৫ সালের গড় ন্যূনতম মজুরির চেয়ে সারা কানাডায় গড় ন্যূনতম মজুরির মাত্র এক পয়সা বেশি।

দারিদ্রতার ব্যয় দারিদ্র হ্রাস করার ব্যয়কে ছাড়িয়ে যায়। ন্যাশনাল কাউন্সিল অব ওয়েলফেয়ার-এর একটি প্রতিবেদন অনুসারে করদাতাদের প্রতি বছর ২৪ বিলিয়ন ডলারের বেশি দারিদ্রতার মূল্য দিতে হয়। প্রতি বছর গৃহহীনতার মোট ব্যয় ৭.০৫ বিলিয়ন ডলার আনুমানিক হিসাব করা হয়েছে। অর্থাৎ প্রতি বছর কানাডার গৃহহীনতা সমূলে উৎপাটন করতে এই অর্থের মাত্র অর্ধেক পরিমাণ লাগবে। উপরন্তু, ৬ বছরের নিচে শিশুদের জন্য ১ ডলার বিনিয়োগ ভবিষ্যতের ৯ ডলার ব্যয় সঞ্চয় করে।



ব্রিটিশ কলম্বিয়া ছাড়া কানাডার সকল প্রদেশ এবং অঞ্চল দারিদ্র হ্রাসকরণ কৌশল গ্রহণ করেছে বা বর্তমানে গ্রহণ করছে। এই দারিদ্র নিরসনে কেন্দ্রীয় পর্যায়ে একটা অর্থপূর্ণ প্রতিশ্রুতির আবশ্যিকতা কৌশলসমূহের একটা মূল বৈশিষ্ট্য। দারিদ্র হ্রাস করার জন্য প্রদেশ এবং অঞ্চলসমূহ যে কাজগুলো করতে অঙ্গীকার করেছে তার অধিকাংশতেই কেন্দ্রীয় সরকারের বিপুল সম্মিলিত সহায়তার প্রয়োজন।

আমাদের একটা দারিদ্র হ্রাসকরণ কৌশল প্রয়োজন যা সুনির্দিষ্ট, কৌশলগত ও পরিমাপসাধ্য উপায়ে দারিদ্রের মূল কারণ তুলে ধরে। এই কৌশলের অর্জনযোগ্য লক্ষ্য থাকবে যা দারিদ্র দ্বারা প্রভাবিত ব্যক্তিদের চাহিদা ও অংশগ্রহণের উপর আলোকপাত করবে। স্বচ্ছতা, জবাবদিহিতা এবং অগ্রগতির সহজবোধ্য সূচকগুলো একটা জাতীয় দারিদ্র হ্রাসকরণ কৌশল (National Poverty Reduction Strategy) কার্যকর করে তুলবে।

### প্রশ্নাবলী

- ১। আপনার দল কর্মসংস্থান বাড়াতে এবং চাকুরির মানের উন্নতি ঘটাতে কি করবে?
- ২। আপনার দল বাজেটের সুশ্রমতা বনাম অর্থনৈতিক ও কর্মসংস্থান বৃদ্ধির বিষয়ে কোন পথে চলছে?
- ৩। আপনার দল কি ব্যবসা প্রতিষ্ঠান এবং ব্যক্তি উভয়ের জন্যই আরও পরিচ্ছন্ন ও প্রগতিশীল কর ব্যবস্থা সমর্থন করে?

### সম্পদ:

এই সিরিজের আরও তথ্য এবং অতিরিক্ত তথ্য পত্রের জন্য <http://spno.ca/canada-votes-2015> -এ দেখুন।

এই সিরিজটি ক্যানাডীয়ান কাউন্সিল অন সোশ্যাল ডেভলোপমেন্ট, কমিউনিটি ডেভলোপমেন্ট কাউন্সিল ডারহাম, কমিউনিটি ডেভলোপমেন্ট হল্টন, অ্যাডমন্টন সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল, সেন্ট জন হিউম্যান ডেভলোপমেন্ট কাউন্সিল, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব বিসি, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব হ্যামিল্টন, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব ক্যামব্রিজ অ্যান্ড নর্থ ডামফ্রাইজ, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব কিচেনার-ওয়ার্টারন, সোশ্যাল প্ল্যানিং নেটওয়ার্ক অব অন্টারিও, এবং সোশ্যাল প্ল্যানিং টরন্টো কর্তৃক প্রকাশিত।